ইত্তেফাক

তারিখ ... 16/1/79
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

I00 001

# যাহারা নির্বাচনপ্রার্থী হইতেছেন না

(ইত্তেফাক রিপোর্ট)

মন্ত্রী সভার মোট ২৯ জন সদস্যদের মধ্যে ৮ জন নির্বাচনে অংশগ্রহণ করিতেছেন না। তাঁহারা হইলেন অর্থমন্ত্রী ... এম, এন, হুদা, পর্যটন ও বেসামরিক বিমান চলাচলমন্ত্রী কাজী আনোয়ারুল হক, কৃষি ও বনমন্ত্রী জনাব আজিজুল হক, বিদ্যুৎ, বন্যা ও পানি সম্পদমন্ত্রী জনাব

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# যাহারা প্রার্থী হইতেছেন না

(১ম পৃঃ পর)

বি, এম, আব্বাস, পাটমন্ত্রী জনাব শফিউল আজম, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী মিঃ রসরাজ মণ্ডল, মহিলা বিষয়ক মন্ত্রী ডাঃ মিসেস আমিনা রহমান এবং কৃষি প্রতিমন্ত্রী ডাঃ ফসিউদ্দীন মাহতাব। বাকী সকল মন্ত্রী বি-এনপির মনোনীত প্রার্থী হিসাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিবেন।

## আওয়ামী লীগ (মালেক)

বাংলাদেশ আওয়ামী লীগের (মালেক) নির্বাচনী কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দলের সিনিয়রসহ সভানেত্রী সৈয়দা জোহরা তাজউদ্দিন, সাধারণ সম্পাদক জনাব আবদুর রাজ্জাক, কোষাধ্যক্ষ জনাব ফজলুল করিম, দফতর সম্পাদক সৈয়দ আহমদ, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক জনাব এস, এম, ইউসুফ ও সমাজ কল্যাণ সম্পাদক জনাব ইয়াহিয়া চৌধুরী পিণ্টু, নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হইতে বিরত রহিয়াছেন। দলের কার্যনির্বাহী সংসদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী জনাব আবদুর রাজ্জাক নির্বাচনী কার্য পরিচালনা এবং প্রচারাভিযানের সামগ্রিক দায়িত্ব পালন করিবেন বলিয়া দলের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান হইয়াছে।

## আওয়ামী লীগ (মিজান)

বাংলাদেশ আওয়ামী লীগের (মীজান) সাংগঠনিক সম্পাদক জনাব নূরে আলম সিদ্দিকী আসন্ন পার্লামেন্টারী নির্বাচনে অংশগ্রহণ করিবেন না বলিয়া জানা গিয়াছে। দলের সাংগঠনিক কাজে তিনি আগামী ২৮শে জানুয়ারী হইতে ৭ই ফেব্রুয়ারী পর্যন্ত উত্তরবঙ্গ সফর করিবেন।